



স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৮৯.০০১.১৯.১০৯

তারিখ: ০৭/০৭/২০২৪ খ্রি:

বিষয়: আগামী ১২ জুলাই ২০২৪ তারিখে জাতীয় পর্যায়ে 'National Assessment of Secondary Students-2023 (NASS-23)' এর মেইন সার্ভে কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানদের অনুসরণীয় নির্দেশনাবলী

আগামী ১২ জুলাই ২০২৪ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং কর্তৃক পরিচালিত জাতীয় পর্যায়ে National Assessment of Secondary Students-2023 (NASS-23) এর মেইন সার্ভে কার্যক্রম অনুষ্ঠিত হবে।

NASS-23 একটি জাতীয় পর্যায়ের অ্যাসেসমেন্ট কার্যক্রম যেখানে সারাদেশের মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের শিখন দক্ষতা সম্পর্কে সম্যক ধারণা পাওয়া যায়। অ্যাসেসমেন্ট কার্যক্রমটি শতভাগ সফল করার জন্য বিদ্যালয়ের নির্বাচিত শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিতকরণ বিশেষভাবে জরুরী। সে লক্ষ্যে নির্বাচিত প্রতিষ্ঠানের (স্কুল ও মাদ্রাসা) স্যান্ডিৎকৃত সকল শিক্ষার্থীকে ১২ জুলাই ২০২৪ তারিখে স্ব-স্ব প্রতিষ্ঠানে উপস্থিত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

উল্লিখিত তারিখে NASS-23 এর মেইন সার্ভে কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানগণকে নিচে বর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে-

১. উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ আগামী ১১/০৬/২০২৪ তারিখে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও সংশ্লিষ্ট উপজেলার বেসরকারি কলেজের তালিকাভুক্ত কক্ষ প্রত্যবেক্ষকদের সমন্বয়ে উপজেলা/থানা পর্যায়ে একটি কর্মশালার আয়োজন করবেন;
২. উল্লিখিত কর্মশালায় শিক্ষা মন্ত্রণালয়, মাউশি অধিদপ্তর ও এসইডিপি হতে ০১ জন কর্মকর্তা প্রধান অতিথি হিসেবে, স্ব-স্ব উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা সভাপতি হিসেবে ও উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন;
৩. প্রতিষ্ঠান পর্যায়ে মেইন সার্ভে কার্যক্রমটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় নির্দেশাবলী দেশীয় পরামর্শক সংস্থা FREPD ও সহযোগী প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগকৃত ফিল্ড সুপারভাইজারগণ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কক্ষ প্রত্যবেক্ষক ও প্রতিষ্ঠান প্রধানগণের সাথে বিশদ আলোচনা করবেন এবং স্যামপ্লিং এর মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকার কপি প্রতিষ্ঠান প্রধানদের নিকট হতে সংগ্রহ করবেন;
৪. উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ প্রতিষ্ঠান প্রধানদের সাথে কথা বলে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকার কপির সাথে মিলিয়ে শিক্ষার্থী উপস্থিতি নিশ্চিতকরণ বিষয়ক তথ্য নিম্নে বর্ণিত কর্মকর্তাদেরকে রিপোর্ট করবেন-
জনাব সেলিনা জামান, উপপরিচালক, এমইডব্লিউ, মাউশি- ০১৭১১-৩১৫৬৮৬, জনাব লাইলুন নাহার, সহকারী পরিচালক, এমইডব্লিউ, মাউশি- ০১৭১৮-৬৬৮০৩৬ এবং জনাব মো: নজরুল ইসলাম, মনিটরিং কর্মকর্তা, এমইডব্লিউ, মাউশি- ০১৭১৬-৫৯৪৫২৭।
৫. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ আগামী ১২ জুলাই ২০২৪ তারিখ সকাল ০৮.৩০ টার মধ্যে নির্বাচিত শিক্ষার্থীদেরকে প্রেরিত তালিকা অনুযায়ী প্রতিষ্ঠানের নির্ধারিত শ্রেণিকক্ষে উপস্থিত রাখবেন;
৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সংযুক্ত নির্দেশিকা মোতাবেক অন্যান্য নির্দেশনা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রদান করবেন;
সার্ভের দিন সংশ্লিষ্ট উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ কমপক্ষে ৩টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করে সার্ভে বাস্তবায়নের উপর একটি প্রতিবেদন আগামী ১৫.০৭.২০২৪ তারিখের মধ্যে এমইডব্লিউ কার্যালয়ে ই-মেইল বরাবর (e-mail: director.mew@gmail.com) প্রেরণ করবেন;
৭. সর্বোপরি প্রতিষ্ঠান পর্যায়ে National Assessment of Secondary Students- 2023 (NASS- 23) এর মেইন সার্ভে কার্যক্রমটি সফলভাবে সুসম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সার্বিক দায়িত্ব পালন করবেন;

৮. NASS-23 এর মেইন সার্ভে কার্যক্রমটি সফলভাবে বাস্তবায়নের জন্য নিযুক্ত দেশীয় পরামর্শক সংস্থা FREPD ও সহযোগী প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগকৃত ফিল্ড সুপারভাইজারগণ নির্বাচিত প্রতিটি উপজেলা/ থানায় NASS-23 এর মেইন সার্ভে সুস্পৃহাবে সম্পাদনের লক্ষ্যে দায়িত্বে নিয়োজিত থাকবেন। উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানগণ ফিল্ড সুপারভাইজারদেরকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন;
৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ তাঁর উপজেলার NASS-23 এর মেইন সার্ভে কার্যক্রমটি বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করবেন।

[সংযুক্তি: ১। NASS-23 মেইন সার্ভে পরিচালন নির্দেশিকা

২। NASS-23 এর জন্য নির্বাচিত ৮৮টি উপজেলা/থানা]

স্বাক্ষরিত/
(অধ্যাপক নেহাল আহমেদ)
 মহাপরিচালক
 মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
 বাংলাদেশ, ঢাকা

প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা: জেলা:
- ২। প্রধান শিক্ষক/সুপার

সদয় অবগতির জন্য অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৮৯.০০১.১৯.১০৯

তারিখ: ০৭/০৭/২০২৪খ্রি:

- ১। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন/ মাধ্যমিক), মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৩। উপসচিব উন্নয়ন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৪। জেলা প্রশাসক, জেলা:
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা:, জেলা:
- ৭। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা:
- ৮। জনাব.....
- ৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ১০। সংরক্ষণ নথি।



(লাইলুন নাহার)
 সহকারী পরিচালক
 মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং
 মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
 বাংলাদেশ, ঢাকা